

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯২.০১৪.২৩ নথির বিষয়: Repairing and Maintenance of Boundary Wall, Boundary grill, gate and maintenance works at entrance of pump house at Matuail-1 and Matuail west para pump under MODS Zone-7, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repairing and Maintenance of Boundary Wall, Boundary grill, gate and maintenance works at entrance of pump house at Matuail-1 and Matuail west para pump under MODS Zone-7, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৭/৭/২৩ ১২:১৩ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক নং গুলি (১ থেকে ৫) সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন মাতুয়াইল-১ ও মাতুয়াইল পশ্চিমপাড়া পানির পাম্পের বাউন্ডারী ওয়াল ও দীর্ঘদিনের পুরাতন বাউন্ডারী ওয়াল গ্রীল, নিরাপত্তা ফটক জরাজীর্ণ অবস্থায় আছে। এম.এস স্টীলের তৈরি নিরাপত্তা দ্বার ও বাউন্ডারী ওয়াল এর গ্রীল দীর্ঘ দিন উন্মুক্ত স্থানে অবস্থানের কারণে বৃষ্টির পানিতে মরিচা পড়ে অকার্যকর হয়ে পড়েছে। পাম্প কম্পাউন্ডের বাউন্ডারী ওয়াল ভেঙ্গে গেছে, দেওয়ালের আস্তর ও রং খসে পড়েছে। এতদ্ব্যতীত, পাম্প কম্পাউন্ডের পার্শ্ববর্তী অনেক রাস্তা-ঘাট পাম্প নির্মানের পরবর্তী সময়ে উচু করার কারণে বাউন্ডারী ওয়াল নিরাপত্তার ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতার নিম্নে অবস্থান করছে। ঢাকা ওয়াসার পানির পাম্প সমূহ অনেক গুরুত্বপূর্ণ স্থাপনা। এর অভ্যন্তরে উচ্চ ভোল্টেজে পরিচালিত অনেক বৈদ্যুতিক যন্ত্রপাতিসহ পানি উৎপাদন ও বিপণন কাজে ব্যবহৃত মূল্যবান অনেক যন্ত্র-পাতি রয়েছে। তাই পানির পাম্পসমূহের নিরাপত্তা নিশ্চিত করা একান্ত আবশ্যিক। এছাড়া, মাতুয়াইল-১ পানির পাম্প প্রবেশ মুখে সিটি কর্পোরেশন এর বড় ড্রেন বিদ্যমান, যা ডিঙিয়ে পাম্প প্রবেশ কষ্টসাধ্য ও ঝুঁকিপূর্ণ। নিরাপদে পাম্প প্রবেশ এর জন্য গেটের সম্মুখে ড্রেনের উপর একটি স্লাব নির্মান করে স্থাপন করা প্রয়োজন। এমতাবস্থায়, অতি দ্রুত উল্লেখিত পানির পাম্পসমূহের বাউন্ডারী ওয়াল ও বাউন্ডারী ওয়ালস্থিত গ্রীল মেরামত ও নিরাপত্তা ফটক মেরামত ও রক্ষণাবেক্ষণ সহ প্রয়োজনীয় অন্যান্য মেরামত কার্য গুলি জরুরী ভিত্তিতে করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৭/৭/২৩ ১২:২১ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার অনুমোদিত দর ও পি.ডব্লিউ.ডি রোট সিডিউল-২০১৮ অনুসরণে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৯৮,৭৪৮.২৩৮/- (আটাত্ত্বিহাজার সাতশত আটচল্লিশ দশমিক দুই তিন আট টাকা মাত্র)। আলোচ্য কাজটি চলতি ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার B-15.6 নং আইটেমে DPM মাধ্যমে অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)। পি. পি. আর-২০০৮ অনুযায়ী আলোচ্য কাজটি ডি.পি.এম. (DPM) পদ্ধতিতে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স এ.এফ.এল. এন্টারপ্রাইজ এর সাথে সরাসরি চুক্তির আওতায় জরুরি ভিত্তিতে বাস্তবায়ন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজ বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৫):


- ১। অত্র জোনের ২০২৩-২৪ অর্থবৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। অনুমোদিত দরের কপি।
- ৩। আলোচ্য কাজের ক্যালকুলেশন শীট।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।
- ৫। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৭/৭/২৩ ১২:২৯ অপরাহ্ন

এমতাবস্থায়, “Repairing and Maintenance of Boundary Wall, Boundary grill, gate and maintenance works at entrance of pump house at Matuail-1 and Matuail west para pump under MODS Zone-7, Dhaka WASA” কাজটি অতি জরুরি বিবেচনায় পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী DPM এর মাধ্যমে মেসার্স এ.এফ.এল. এন্টারপ্রাইজ- এর সাথে সরাসরি চুক্তির আওতায় সম্পাদনের লক্ষ্যে অনুচ্ছেদ নং- ১.১ সহ পেশকৃত সর্বমোট ৯৮,৭৪৮.২৩৮/- (আটানব্বই হাজার সাতশত আটচল্লিশ দশমিক দুই তিন আট টাকা মাত্র) প্রাক্কলণ - এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মডস সার্কেল-১) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।



২৭/৭/২৩ ১:৪১ অপরাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২৭/৭/২৩ ৩:০১ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২৭/৭/২৩ ৩:০৪ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

২৭/৭/২৩ ৩:০৪ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/৭/২৩ ৪:১৯ অপরাহ্ন

প্রস্তাবমতে অনুমোদিত।



৩০/৭/২৩ ৪:২০ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

৩০/৭/২৩ ৪:২০ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩০/৭/২৩ ৪:৩৪ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.3



৩০/৭/২৩ ৪:৩৫ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

৩০/৭/২৩ ৪:৩৫ অপরাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭